



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪১.১৪- ৫৭০.

তারিখঃ ২০/০৮/২০১৭ খ্রিঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলাঃ কালিয়া
জেলাঃ নড়াইল

বিষয়: মাঠসংগঠক জনাব মো: আব্দুল খালেককে প্রকল্পের দায়িত্ব হতে বিরত রাখা প্রসঙ্গে।

সূত্র: তার স্মারক নং- ৪৭.৬২.৬৫.২৮.১০১.১৬.০৪-৭০২ তারিখ: ১৩/০৮/২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার কালিয়া উপজেলার মাঠসংগঠক জনাব মো: আব্দুল খালেক এর কতিপয় অনিয়ম ও প্রতারণামূলক কাজের অভিযোগে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। তাই প্রকল্পের সুফলভোগী সদস্যগণের সাথে বর্ণিত মাঠসংগঠকের সকল ধরনের আর্থিক লেনদেন বন্ধ রাখাসহ তার আওতাভুক্ত সমিতির দায়িত্ব থেকে তাকে বিরত রাখার জন্য বলা হলো। সেই সাথে উক্ত মাঠসংগঠকের ব্লকভুক্ত সমিতিসমূহের সকল সদস্যের পাশবহির সাথে প্রকল্পের অনলাইন সফটওয়্যার ও উপজেলার কর্তৃক খতিয়ান ফ্রস চেক করে কোন আর্থিক অনিয়ম রয়েছে কিনা তা আগামী ২৫/০৮/২০১৭ তারিখের মধ্যে অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মাঠসংগঠক জনাব মোঃ আব্দুল খালেক এর আওতাভুক্ত সমিতিসমূহ পরিচালনার দায়িত্ব প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীকে প্রদানের জন্য নির্দেশক্রমে বলা হলো।

মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ নড়াইল।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ কালিয়া, জেলাঃ নড়াইল।
৫. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ কালিয়া, জেলাঃ নড়াইল।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।